

স্মারক নং-বিএনএমসি/প্রশা-৪৮/২০১৮-৬৬০

তারিখঃ ১১ নভেম্বর ২০১৮ খ্রিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক জুন-২০১৮ খ্রিঃ পরীক্ষায় অকৃতকার্য এবং অনুপস্থিতদের সম্পূরক (সাপ্লিমেন্টারী ও অনিয়মিত) পরীক্ষা আগামী ০১ ডিসেম্বর-২০১৮খ্রিঃ (সম্ভাব্য তারিখ) হতে শুরু হবে। উক্ত পরীক্ষায় ডিপ্লোমা ইন পেডিয়াট্রিক নার্সিং, ডিপ্লোমা ইন-কার্ডিয়াক নার্সিং, জুনিয়র মিডওয়াইফারি এবং কমিউনিটি প্যারামেডিক কোর্সের পরীক্ষার্থীরা অংশগ্রহণ করবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কাউন্সিলের ডাটাবেজের মাধ্যমে/অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে।

ফরম পূরণের পর শিক্ষার্থী সংখ্যা ও অন্যান্য বিষয় বিবেচনা পূর্বক পরীক্ষা কেন্দ্র ও তারিখ, সময়-সূচি-সহ প্রয়োজনীয় বিজ্ঞপ্তি কাউন্সিলের ওয়েব সাইটে প্রকাশ করা হবে এবং প্রবেশপত্র ইনস্টিটিউটে প্রেরণ করা হবে।

পরীক্ষার ফরম পূরণের শর্তাবলীঃ

১. ফরম পূরণের তারিখঃ ১১-১১-২০১৮ সকাল ৯.০০ টা হতে ২০-১১-২০১৮ খ্রিঃ বিকাল ৫.০০ টা পর্যন্ত।
২. পরীক্ষার ফরম পূরণকালে স্ব-স্ব প্রতিষ্ঠানের অধ্যক্ষ/ ইনচার্জ কর্তৃক গোপন নম্বর (User ID ও Password) এর মাধ্যমে Student Registration Data Base এ প্রবেশ করে Final Examination Form পূরণ করবেন।
৩. পরীক্ষার ফরম পূরণের সময় (১) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নাম, (২) Student Registration Number লিখে ও (৩) কোর্সের নাম (নির্বাচন) সিলেক্ট করে সার্চ করলে শিক্ষার্থীর প্রয়োজনীয় তথ্যাদি পাওয়া যাবে এবং পরীক্ষার তারিখ দেখা যাবে।
৪. Data Base থেকে একটি ফরম পূরণ হয়ে আসবে এর নিচের অংশে “প্রার্থীর স্ক্যান করা স্বাক্ষর ও অধ্যক্ষের সীল মোহরসহ স্ক্যান করা স্বাক্ষর” আপলোড করতে হবে এবং তার নিচের অংশে বর্ণিত পরীক্ষায় অংশগ্রহণের বিষয়সমূহ Select করে আবেদন Submit দিলে ফরম পূরণ সম্পন্ন হবে।
৫. এ ছাড়াও অনলাইনে ফরম পূরণের জন্য পৃথক গাইড লাইন কাউন্সিলের ওয়েব-সাইটে পাওয়া যাবে।
৬. পূরণকৃত ফরম প্রিন্ট দিয়ে শিক্ষার্থী ও শিক্ষক কর্তৃক তথ্যাদি যাচাই-বাছাইয়ের পর প্রয়োজন হলে স্টুডেন্ট রেজিস্ট্রেশন সংশোধন করে পুনরায় প্রিন্টকৃত কপিতে শিক্ষার্থীর দ্বিতীয় স্বাক্ষর নিতে হবে। ফরমের সাথে স্টুডেন্ট রেজিস্ট্রেশন কার্ডের কপি ও অনিয়মিতদের ক্ষেত্রে পূর্ব পরীক্ষার প্রবেশপত্রের কপি সংযুক্তি করতে হবে।
৭. ফরম পূরণের সাথে সাথে উপরে বর্ণিত তারিখের মধ্যে পরীক্ষার্থীর তালিকা (সফটওয়্যার থেকে প্রিন্ট কপি) ও অগ্রবর্তী পত্রসহ (ফরওয়ার্ডিং লেটার) পরীক্ষার ফি (ডিপ্লোমা ইন পেডিয়াট্রিক নার্সিং, ডিপ্লোমা ইন কার্ডিয়াক নার্সিং, জুনিয়র মিডওয়াইফারি-১০০০/- এবং কমিউনিটি প্যারামেডিক প্রতি বিষয়-৪০০/- ও সকল বিষয়-১৫০০/-) সকল পরীক্ষার্থীর ফি একত্রে একটি পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট/প্রাইম ব্যাংকের জমা স্লিপ “বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল” এর অনুকূলে জমা দিতে হবে।
৮. পরীক্ষার ফি ও ফরম অবশ্যই ২২-১১-২০১৮খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে কাউন্সিলে জমা নিশ্চিত করতে হবে অতঃপর ফরম যাচাইয়াত্তে পরীক্ষার অন্ততঃ সাতদিন পূর্বে প্রবেশপত্র ইস্যু করা হবে।

বিঃ দ্রঃ ইনস্টিটিউট কর্তৃক ফরমের সাথে নমুনা প্রশ্নপত্র, সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর এবং শিক্ষক তালিকা প্রেরণ করবেন।



(সুরাইয়া বেগম)

রেজিস্ট্রার

ফোন-৯৫৬৪১৫৯

ই-মেইল: info@bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/প্রশা-৪৮/২০১৮-৬৬০/১(৩০)

তারিখঃ ১১/১১/২০১৮ খ্রিঃ

অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ

১. সম্মানিত প্রেসিডেন্ট, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
২. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।
৩. চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি, বিএনএমসি ও পরিচালক (চিশিজ), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
৪. অধ্যক্ষ/ ইনচার্জ, ডিপ্লোমা ইন পেডিয়াট্রিক নার্সিং/ কার্ডিয়াক নার্সিং/ জুনিয়র মিডওয়াইফারি/ কমিউনিটি প্যারামেডিক ইনস্টিটিউট
৫. শিক্ষার্থীদের অবগতির জন্য এই বিজ্ঞপ্তির একটি কপি সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে প্রকাশ করতে হবে।
৬. হিসাব শাখা/ সহকারী প্রোগ্রামার, বিএনএমসি-ওয়েব সাইটে প্রকাশের জন্য (আইটি সহায়তার জন্য-০১৭৩৮-০৩০ ১৫৩)।
৭. জনাব/ বেগম



রেজিস্ট্রার